

প্রেস বিজ্ঞপ্তি

তিন দিনব্যাপী নবম আন্তর্জাতিক পোল্ট্রি শো ও সেমিনার ২০১৫ শুরু
নিরাপদ মুরগী ও ডিম উৎপাদনের মাধ্যমে দেশীয়
চাহিদা পূরণ করে বিদেশে রপ্তানী শুরুর তাগিদ
মাননীয় কৃষিমন্ত্রীর

ঢাকা, ০৭ ফাল্গুন, ১৪২১ বঃ; ১৯ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিঃ

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী নিরাপদ মুরগী ও ডিম উৎপাদনের মাধ্যমে দেশের পুষ্টি চাহিদা পূরণের পাশাপাশি বিদেশে রপ্তানী শুরু করতে পোল্ট্রি শিল্পের উদ্যোক্তাদের আহ্বান জানিয়েছেন। নবম আন্তর্জাতিক পোল্ট্রি সেমিনার ও প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে বৃহস্পতিবার সকালে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী।

তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার এবং আপামর জনগণের প্রচেষ্টায় আমাদের মাথাপিছু উপার্জন দিন দিন বৃদ্ধি পাচ্ছে। অর্থনৈতিক স্বচ্ছলতায় আমাদের জীবন-মানের উন্নতি হচ্ছে। এখন কিভাবে মুরগীর মাংস ও ডিম গ্রহণের হার দ্বিগুণ করা যায় সে লক্ষ্যে আপনাদেরকে কাজ করতে হবে।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, দেশে বিশৃঙ্খলাকারীরা পোল্ট্রি ভ্যানে আগুন দিয়েছিল। এসব করে যে লক্ষ্যে তারা পৌঁছাতে চেয়েছিল তা পারেনি। নৈরাজ্যকারীরা হচ্ছে প্লেগ অব সিভিলাইজেশন। এরা পোল্ট্রির এভিয়েন ইনফ্লুয়েঞ্জার মতো। তবে রাজনীতির এসব ইনফ্লুয়েঞ্জা ক্ষণস্থায়ী।

তিনি বলেন, একটি শক্তি দেশকে অস্বাভাবিক করে তুলতে চাইছে। জনগণকে সঙ্গে নিয়ে এ শক্তিকে প্রতিহত করবে সরকার।

অনুষ্ঠানে ওয়ার্ল্ড পোল্ট্রি সায়েন্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট প্রফেসর ই এন সিলভা বলেন, পোল্ট্রি শিল্প হচ্ছে উন্নয়নশীল দেশগুলোর পুষ্টি চাহিদা পূরণের অন্যতম উৎস। সুতরাং এ শিল্পের উন্নয়নে সকলকে সমন্বিতভাবে কাজ করতে হবে। তিনি ঘোষণা করেন আগামী বছর ৫-৯ সেপ্টেম্বর বেইজিং এ ওয়ার্ল্ড পোল্ট্রি কংগ্রেস অনুষ্ঠিত হবে।

ওয়ার্ল্ড পোল্ট্রি সায়েন্স অ্যাসোসিয়েশনের বাংলাদেশ ব্রাঞ্চার সভাপতি মশিউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষি সচিব ইউনুসুর রহমান, ওয়ার্ল্ড পোল্ট্রি সায়েন্স অ্যাসোসিয়েশনের সভাপতি ড. ই এন সিলভা, সচিব আর ডাব্লিউ মুন্ডার এবং প্রাণিসম্পদ অধিদফতরের মহাপরিচালক অজয় কুমার রায়।

বাংলাদেশের পোল্ট্রি শিল্পের সবচেয়ে বড় এ প্রদর্শনীতে দেশের ২০৪ টি এবং বিদেশের ৯৩টি প্রতিষ্ঠান অংশ নিয়েছে। অনুষ্ঠানের অংশ হিসাবে সেমিনারে ৪৭টি টেকনিক্যাল পেপার উপস্থাপন করা হবে। শানিবার পর্যন্ত চলবে এ প্রদর্শনী।


বিবেকানন্দ রায়

সিনিয়র তথ্য অফিসার

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mavivekroy07@yahoo.com